# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৯৯. মানুষের ধন-সম্পদের প্রতি লোভী হওয়া কিংবা তাদের কাছ থেকে কোন কিছু পাওয়ার আশা করা

আবু আইয়ূব (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি রাসূল (সা.) এর নিকট এসে বললেন: হে আল্লাহ্’র রাসূল! আমাকে অতি সংক্ষেপে কিছু কথা শিক্ষা দিন। তখন রাসূল (সা.) বলেন:

إِذَا قُمْتَ فِيْ صَلاَتِكَ فَصَلِّ صَلاَةَ مُوَدِّعٍ ، وَلاَ تَكَلَّمْ بِكَلاَمٍ تَعْتَذِرُ مِنْهُ ، وَأَجْمِعِ الْيَأْسَ عَمَّا فِيْ أَيْدِيْ النَّاسِ

“যখন তুমি নামাযে দাঁড়াবে তখন দুনিয়া থেকে অচিরেই বিদায় গ্রহণকারী ব্যক্তির নামাযের ন্যায় নামায পড়ো। এমন কথা বলবে না যা বললে একদা তোমাকে উক্ত কথার জন্য অন্যের নিকট কৈফিয়ত দিতে হবে এবং মানুষের ধন-সম্পদের প্রতি সম্পূর্ণরূপে নিরাশ থাকবে তথা তাদের কাছ থেকে কোন কিছু পাওয়ারই আশা করবে না”।[1]

>

## ফুটনোট

[1] (আহমাদ্ ৫/৪১২ ইবনু মাজাহ্, হাদীস ৪২৪৬ আবু নু’আইম/হিল্ইয়াহ্ ১/৩৬২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11449

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন